



19 জুন, 2020

প্রিয় পিতা-মাতাগণ এবং অভিভাবকবৃন্দ,

আজ প্রিমিয়ার এবং শিক্ষা মন্ত্রী সেপ্টেম্বরে স্কুলে ফেরত আসার ব্যাপারে [অন্টারিও সরকারের নির্দেশাবলী \(Government of Ontario's guidelines\)](#) ঘোষণা করেছেন। সারা অন্টারিওর স্কুল বোর্ডসমূহকে তিনটি সম্ভাব্য চিত্রের জন্য প্রস্তুতি গ্রহণ করতে অনুরোধ করা হচ্ছে যা সেই সময়ের পাবলিক হেলথ বা জন স্বাস্থ্য সম্পর্কিত পরিস্থিতির ওপর নির্ভর করবে:

- **বর্ধিত জন স্বাস্থ্যবিধি বা পাবলিক হেলথ সম্পর্কিত প্রটোকলসমূহ সহ স্বাভাবিক স্কুল দিবসের নিত্যকার্যসূচি:** শিক্ষার্থীগণ প্রতিদিন স্কুলের শ্রেণীকক্ষে যাবে যা বিধি অনুযায়ী শ্রেণীকক্ষের আকারের মানকে প্রতিফলিত করবে।
- **পরিবর্তিত স্কুল দিবসের নিত্যকার্যসূচি:** জন স্বাস্থ্য বা পাবলিক হেলথের পরামর্শের উপর ভিত্তি করে শিক্ষার্থীদের শারীরিক দূরত্ব এবং দলভুক্ত করা সম্ভবপর করার জন্যই (শিক্ষা) প্রদান বন্দোবস্ত বিষয়ক একটি অভিযোজিত মডেল বা অ্যাডাপ্টেড ডেলিভারী মডেল তৈরি করা হয়েছে। এই মডেল অনুসারে, স্কুল বোর্ডসমূহকে অনুরোধ করা হয়েছে একই সময়ে একটি সাধারণ শ্রেণীকক্ষ 15 জন শিক্ষার্থীর মধ্যে সীমিত রাখতে এবং এমন সময়সারণী বা টাইমটেবিলিং অবলম্বন করতে যা শিক্ষার্থীদের স্কুল দিবসের যতটুকু সম্ভব সময় কেবলমাত্র তাদের সহপাঠীদের ও একজন মাত্র শিক্ষকের সান্নিধ্যে থাকা সম্ভবপর করবে। এই মডেল অনুযায়ী একদিন বা এক সপ্তাহের পর্যায়ক্রমে একটি শ্রেণীর একটি অংশে (শিক্ষা) প্রদান ব্যবস্থার প্রয়োজন হবে।
- **বাড়িতে শিক্ষণ:** স্কুল বন্ধ রাখার মেয়াদটি বৃদ্ধি করা হলে বা পিতা-মাতাদের কেউ কেউ তাদের শিশুকে স্কুলে ফেরত না পাঠাতে চাইলে, স্কুল বোর্ডসমূহকে দূরবর্তী শিক্ষণ বা রিমোট এডুকেশন প্রদান করার জন্য প্রস্তুত থাকতে হবে। দূরবর্তী শিক্ষণ অনলাইনে যতটা বেশী মাত্রায় সম্ভব ততটা প্রদান করা উচিত, একই সময় শিক্ষার্থীদের তাদের শিক্ষকদের সাথে সরাসরি যোগাযোগের নূন্যতম প্রত্যাশাসমূহ স্থাপন করা যা যুগপত শিক্ষণ বা সিক্সেনাস লার্নিং হিসেবেও পরিচিত, সহ। যুগপত শিক্ষণ সমগ্র শ্রেণীকক্ষের শিক্ষাদানের অংশ হিসেবে, শিক্ষার্থীদের অপেক্ষাকৃত ক্ষুদ্র দলসমূহে, ও/বা একজন-একজনের বা ওয়ান-অন-ওয়ান ক্ষেত্রে ব্যবহার করা হতে পারে।

গত কয়েক সপ্তাহ ধরে টিডিএসবি (TDSB) এই সকল সম্ভাবনাসমূহ অন্বেষণ এবং পরিকল্পনা করছিল ও আজকের ঘোষণার উপর ভিত্তি করেই পরিকল্পনাসমূহ চূড়ান্ত করার ব্যাপারে এখন কাজ করবে। আমাদের পরিকল্পনাসমূহকে আরও সহায়তা এবং অবহিত করানোর জন্য, টিডিএসবি পিতা-মাতা/অভিভাবকগণ, কর্মচারীগণ এবং শিক্ষার্থীদের সেপ্টেম্বরের পরিকল্পনা সম্পর্কে অনলাইন জরিপসমূহ সম্পন্ন করার মাধ্যমে তাদের ভাবনাগুলো জানাতে অনুরোধ করছে। এই গুরুত্বপূর্ণ মতামত টিডিএসবির কাজটিকে পথপ্রদর্শন করায় সাহায্য করবে যখন আমরা সেপ্টেম্বরের পরিকল্পনাসমূহ নির্ধারণ করছি। অনুগ্রহ করে পিতা-মাতা/অভিভাবকের জরিপটির জন্য [এখানে](#) এবং 7ম থেকে 12শ শ্রেণীর শিক্ষার্থীর জরিপটির জন্য [এখানে](#) অধিগমন করুন।

স্কুল বোর্ডসমূহকে 4 আগস্ট, 2020 তারিখের মধ্যে মিনিস্ট্রি অব এডুকেশন বা শিক্ষা মন্ত্রণালয়ের কাছে তাদের পরিকল্পনাসমূহ দাখিল করার জন্য অনুরোধ করা হয়েছে এবং একবার এগুলো অনুমোদিত হয়ে গেলে টিডিএসবি স্কুল কমিউনিটিগুলোর সাথে পরিকল্পনাসমূহ ভাগ করে নেওয়ার জন্য প্রতিশ্রুতিবদ্ধ, স্কুল শুরু হওয়ার পূর্বেই। আমরা নিশ্চিত করতে চাই যে সেপ্টেম্বরে স্কুলে ফেরত আসার জন্য সকল শিক্ষার্থী এবং পরিবারগণ ভালোভাবে প্রস্তুত থাকুক এবং কী কী প্রত্যাশা করা হবে সে সম্পর্কে অবগত থাকুক।

যথারীতি, আমরা আপনাদের হালনাগাদ করা চালিয়ে যাবো যখন অতিরিক্ত তথ্য উপলভ্য হবে।

বিনীত,



A handwritten signature in black ink, appearing to read "John Malloy".

জন ম্যালয় (John Malloy)

শিক্ষা বিষয়ক পরিচালক (Director of Education)

